



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তুলা উন্নয়ন বোর্ড
উপপরিচালকের কার্যালয়



চট্টগ্রাম অঞ্চল, সরকারি কার্য ভবন-১ (৩য় তলা, পশ্চিম)
আগ্রাবাদ, চট্টগ্রাম।

www.cdb.chittagongdiv.gov.bd

স্মারক নম্বর: ১২.০৭.২০১৫.৫০০.৯৯.০০১.১৯.১৯০

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৮

১০ অক্টোবর ২০২১

বিষয়: তুলার চারা/শিকড় পঁচা রোগ নিরাময়ে সহজ পদ্ধতি উদ্ভাবন

উপর্যুক্ত বিষয়ের আলোকে মহোদয়ের সদয় অনুমোদন ও কৃষকের মাঠে ব্যাপক ব্যবহারের জন্য "তুলার চারা/শিকড় পঁচা রোগ নিরাময়ে সহজ পদ্ধতি উদ্ভাবন" প্রযুক্তিটি সংযুক্তিতে প্রেরণ করা হলো।

১০-১০-২০২১

নাছির উদ্দীন আহমেদ

উপপরিচালক

নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)

তুলা উন্নয়ন বোর্ড

দৃষ্টি আকর্ষণঃ তুলা উন্নয়ন কর্মকর্তা, মনিটরিং শাখা, তুলা উন্নয়ন বোর্ড

স্মারক নম্বর: ১২.০৭.২০১৫.৫০০.৯৯.০০১.১৯.১৯০/১(৩)

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৮

১০ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান।

১০-১০-২০২১

নাছির উদ্দীন আহমেদ


উপপরিচালক

তুলার চারা/শিকড় পঁচা রোগ নিরাময়ে সহজ পদ্ধতি উদ্ভাবনঃ

চট্টগ্রাম অঞ্চলে তুলার চারা/শিকড় পঁচা রোগ একটি গুরুত্বপূর্ণ সমস্যা। এ-সমস্যা সমাধানে আমরা তুলা ফসলের চারার গোড়ায় ছত্রাক নাশক দিয়ে থাকি। তুলা গাছের গোড়ায় ও মূলে ছত্রাকের আক্রমণকে কমাতে আমরা স্প্রে মেশিন দিয়ে গাছের গোড়ায় ছত্রাক নাশক ছিটাই। মেশিন দিয়ে চারার গোড়ায় ও মূলে ছত্রাকনাশ পৌছানো ঝামেলা ও জটিল বলে কৃষকের অনেক তুলার চারা, পঁচা রোগে মারা যায় এবং ফলশ্রুতিতে ফলন কমে যায়। এর থেকে পরিত্রানই হলো নিম্নের উদ্ভাবন।

একটি এক লিটারের পানির খালি বোতলে ২.৫ গ্রাম বা আধা চা চামচ ছত্রাকনাশক নিন। তারপর বোতলটি পানি দ্বারা পূর্ণ করুন। মুখটি ভাল করে লাগিয়ে ছত্রাকনাশকের দ্রবন তৈরী করুন। এরপর বোতলের মুখটি একটি পেরেক দিয়ে ছিদ্র করে নিন। এরকম প্রস্তুত বোতল নিয়ে তুলার জমিতে যান এবং তুলার চারার গোড়ায় ২/৩ টি চাপে চারার গোড়ার মাটি ছত্রাকনাশকের দ্রবন দিয়ে ভিজিয়ে দিন। এভাবে সমস্ত জমিতে চারা/শিকড় পঁচা রোগের জন্য স্প্রে মেশিন ছাড়া অল্প সময়ে সহজে চারা পঁচা রোগের ঔষধ প্রয়োগ করে তুলার চারা মরার হার কমানো যায় এবং ফলন বাড়ানো যায়। দুই লিটারের খালি বোতল নিলে তাতে এক চা চামচ বা ৫ গ্রাম ছত্রাকনাশক মিশিয়ে জমিতে ব্যবহার করতে হবে।

তুলার চারা/শিকড় পঁচা রোগ নিরাময়ে এটি একটি সহজ লভ্য, সস্তা ও সল্প পরিশ্রমে বেশি কার্যকরি ভাল প্রযুক্তি।


১০.১০.২০২১

(কৃষিবিদ নাছির উদ্দীন আহমেদ)

উপপরিচালক

ফোন নং- ০২ ৩৩৩৩১৬৩১১